



FOURTH GRADE



P.S 117
Briarwood, New York

Fourth Grade Curriculum
April 2011

চতুর্থ গ্রেডের পাঠক্রম বিষয়ক নিউজলেটার

গাণিত

সংখ্যার স্থানের মূল্য এবং মৌলিক গুণের তথ্যের ভিত্তিতে শিক্ষার্থীরা বহু-সংখ্যার পূর্ণ নম্বরসমূহের গুণ শিখবে। শিক্ষার্থীরা ভাজক এবং দুই সংখ্যার ভাজক দিয়ে ভাগ করার নিয়মকানুনগুলো শেখা অব্যাহত রাখবে।

বিজ্ঞান

বিজ্ঞান বিষয়ে আমরা নিউ ইয়র্ক স্টেটের বিজ্ঞান পরীক্ষার জন্য পর্যালোচনা করছি। কিডারগার্টেন থেকে চতুর্থ গ্রেড পর্যন্ত শিক্ষার্থীরা যা শিখেছে এই পরীক্ষা সেটি যাচাই করবে।



পাঠক এবং লেখকের কর্মশালা



সমাজ পাঠ

শিক্ষার্থীরা নিউ ইয়র্ক সরকারের বিভিন্ন শাখা সম্পর্কে জানবে। আমরা আলোচনা করবো স্থানীয় সরকার কীভাবে আইন তৈরি করে এবং নিউ ইয়র্ক কমিউনিটিতে পরিষেবা প্রদান করে।

এই মাসে এ বিষয়টিতে আমরা আরও জোর দিচ্ছি এবং আমাদের পরীক্ষা প্রস্তুতির সময়ের শুরুতে এটিকে আরও বেগবান করছি। আমরা জানি এই বছর ইএলএ পরীক্ষা আরও কঠিন হবে এবং দেখা যাচ্ছে আগামী বছরগুলোতেও এ ধারা অব্যাহত থাকবে। চতুর্থ গ্রেডের পরীক্ষায় আমরা আরও বেশি রিডিং প্যাসেজ এবং প্রশ্ন প্রত্যাশা করছি। ৪ গ্রেড শিক্ষার্থীদের কাছে আশা করা হবে তারা ষাট মিনিট ধরে পড়বে এবং একটি সম্প্রসারিত সাহিত্য বিষয় সম্পর্কিত ধারণা গড়ে তুলবে। এইসব দীর্ঘায়িত বই সম্পর্কে শিক্ষার্থীরা তথ্য এবং ধারণা লাভ করবে এবং সেগুলো সংশ্লিষ্ট করবে।

সৌভাগ্যক্রমে, আমরা সারা বছর ব্যাপী যে কাজ করেছি সেগুলি পরীক্ষা সামাল দেবার সময়ে আমাদের শিক্ষার্থীদের সহায়তায় লাগবে। আমরা শিক্ষার্থীদের নির্দেশনার জন্য একটি সহায়তাকারী অনুশীলনী পরীক্ষা কর্মসূচির আয়োজন করেছি। আমরা সপ্তাহ শুরু করি একটি যৌথ অভিজ্ঞতা দিয়ে যেখানে পুরো ক্লাস একটি সাহিত্যের ধরন বুঝতে একসাথে পড়ে যা তাদের পরীক্ষার থাকতে পারে। যৌথ অভিজ্ঞতার সময় শিক্ষক ক্লু এবং কৌশল দিয়ে শিক্ষার্থীদের নেতৃত্ব দেয় যা তাদেরকে বই পড়ার সময় তারা কোন অংশে আছে তা বুঝতে সহায়ক হয়। বাকি দিনগুলোতে শিক্ষার্থীদের কাজ করার এবং একজন পার্টনারের সাথে অনুশীলন করার সুযোগ থাকে এবং সপ্তাহের শেষে শিক্ষার্থীরা স্বাধীনভাবে করতে পারে। পরবর্তী সপ্তাহে আমরা নতুন ধরনের সাহিত্য বিষয় শুরু করি। যদিও, শিক্ষার্থীরা স্বাধীনভাবে পড়াও অব্যাহত রাখে।

এই মাসে আমরা পরীক্ষা প্রস্তুতি (যেখানে আমরা শিক্ষার্থীদের সফল হবার কৌশলসমূহ শেখাই) এবং পরীক্ষা অনুশীলনী (যেখানে শিক্ষার্থীরা তাদের আগের পরীক্ষাসমূহের অভিজ্ঞতার সাথে পরিচিত হবার সুযোগ পায়) উভয় বিষয়েই শিক্ষাদান করি। আমরা আমাদের শিক্ষার্থীদের বেড়ে ওঠা এবং শিক্ষণে সহায়তা দিতে চাই। আমরা জানি আপনি এই সকল প্রচেষ্টায় বাড়িতে শিক্ষার্থীদের সহায়তা প্রদান করেন এবং সেজন্যে আমরা আপনার কাছে কৃতজ্ঞ।

